গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

নং-১২.০১৭.০২১.০১৫.০০.০০১.২০১৩-১১৫

তারিখ ঃ ২২/১০/২০১৪ খ্রিঃ / ০৭/০৭/১৪২১ বঃ

বিষয় ঃ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের (ক্যাডার/নন-ক্যাডার) ২০১৪ সনের গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা কর্মসূচী সংক্রান্ত।

সূত্র ঃ স্বাস্থ্য অধিদপ্তরের নং-স্বাঃঅধিঃ/হাসঃ/বাঃস্বাঃপঃ/২০১১/১৫৩৫, তারিখঃ ১৪/১০/২০১৪ ইং

উপরোক্ত বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২২/১০/২০১৪

(মোঃ আসাদুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৭৭৪২৯

বিতরণ (মন্ত্রণালয়) ঃ

এ মন্ত্রণালয়ের সকল প্রথম শ্রেণীর কর্মকর্তা।

বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৬। পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৮। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১০। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
১১। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ঢাকা।
১২। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৩। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন বোর্ড, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৫। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা।
১৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/বাঃস্বাঃপঃ/২০১১/১৫৬৫ তারিখঃ ১৪/১০/২০১৪ ইং।

বিষয়ঃ- প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের (ক্যাডার/নন-ক্যাডার) ২০১৪ সনের গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা কর্মসূচী সংক্রান্ত।

সূত্রঃ- নং- ০৫.১০২.০১৬.০০.০১.০০২.২০০৬-৫০, তারিখঃ- ২৫/০৯/২০১৪ ইং।

১। উপর্যুক্ত সূত্রে উল্লেখিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র অনুযায়ী ঢাকা শহরের জন্য সংযুক্ত তালিকাভুক্ত হাসপাতালগুলিতে (সংযুক্ত তালিকা-১) সংশ্লিষ্ট অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণকে (সংযুক্ত তালিকা-২) বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অফিসসমূহের প্রথম শ্রেণীর সরকারী ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তাগণের ২০১৪ সনের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা করার জন্য অনুমোদন করা হইল। সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলির অধীন শুধুমাত্র ঢাকা শহরের দপ্তর/অধিদপ্তর/অফিসগুলিকে যথাযথভাবে স্বাস্থ্য পরীক্ষা করার জন্য নির্দেশ দিতে অনুরোধ করা হইল।

২। প্রথম শ্রেণীর কর্মকর্তা যাহারা চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর, বরিশাল, খুলনা, বগুড়া, গোপালগঞ্জ, ফরিদপুর, কুমিল্লা, দিনাজপুর, নোয়াখালী, কক্সবাজার, পাবনা, যশোর, সাতক্ষীরা, কুষ্টিয়া ও কিশোরগঞ্জ শহরের অফিসগুলিতে কর্মরত আছেন, তাহারা সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালে অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণ কর্তৃক (সংযুক্ত তালিকা-২) বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করিবেন। স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত থাকিবে।

৩। প্রথম শ্রেণীর কর্মকর্তা যাহারা উপরোক্ত মেডিকেল কলেজ হাসপাতালের সংশ্লিষ্ট জেলাগুলি ছাড়া অন্যান্য জেলায় কর্মরত আছেন তাহারা জেলা পর্যায়ের হাসপাতালগুলোতে তত্ত্বাবধায়ক/সিভিল সার্জনগণ কর্তৃক (সংযুক্ত তালিকা-২) স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা নিবেন। যাহারা উপজেলা পর্যায়ে কর্মরত আছেন তাহারা স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করিবেন।

৪। নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণকে অধীনস্থ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের তালিকা সংশ্লিষ্ট পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট যথাযথভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। যাহাতে সুষ্ঠুভাবে বাৎসরিক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা যায়।

৫। যে সকল মন্ত্রণালয় ও উহার অধীনস্থ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকায় (তালিকা-১) নির্ধারণ করা হইয়াছে তাহাদের মধ্যে যে সকল কর্মকর্তাগণের পদমর্যাদা যুগ্ম-সচিব ও উহার উপরের পর্যায়ের শুধূমাত্র সে সকল কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় নির্ধারণ করা হইল।

৬। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকিবে।

৭। ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

14/10/20

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
ফোন নং- ৮৮২৯৪৯৩, ফ্যাক্স-৯৮৬২৩৭৫

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/বাঃস্বাঃপঃ/২০১১/১৫৬৫/১(১৫০) তারিখঃ ১৪/১০/২০১৪ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

১। রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর
সিনিঃ সহঃ সচিব, প্রঃ-১ শাখা
আইসিটি সেল
হিসাব রক্ষণ কর্মকর্তা
অন্যান্য শাখা
ব্যক্তিগত কর্মকর্তা
নম্বর ঃ ১০৪৪
তারিখ ঃ ২০/১০/২০১৪

ডাইরী নং ৭৪৪
তা ২১/১০/১৪ ঃ-১



১। প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ– সিনিয়র সহকারী সচিব, সিআর-৩ শাখা।

৫। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ– উপ-সচিব(প্রশাসন শাখা)। সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্থ অফিসে কর্মরত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ ইত্যাদি হইতে তালিকাসহ প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হইল।

৬। সচিব,.....
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। মহাপরিচাপলক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ– সহকারী পরিচালক (সমন্বয়)।

৮। পরিচালক (সকল বিশেষায়িত হাসপাতাল).....

.....।

৯। পরিচালক,(সকল).....মেডিকেল কলেজ হাসপাতাল,.....।

১০। পরিচালক (স্বাস্থ্য) (সকল).....বিভাগ.....।

১১। তত্ত্বাবধায়ক, সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা।

১২। সিভিল সার্জন,.....। আপনাকে সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাগণকে বার্ষিক স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হইল।

১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার, ঢাকা।

১৪/৭/২০১৭

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
ফোন নং- ৮৮২৯৪৯৩, ফ্যাক্স-৯৮৬২৩৭৫

" তালিকা-১ "

বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং নিয়ন্ত্রণাধীন দপ্তর/অধিদপ্তর/সংযুক্ত অফিস ও সংস্থাভিত্তিক প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত হাসপাতালের তালিকাঃ

ক্রমিক নং	হাসপাতালের নাম	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের নাম
০১।	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	১। মন্ত্রীপরিষদ বিভাগ ২। পররাষ্ট্র মন্ত্রণালয় ৩। অর্থ মন্ত্রণালয় (ক) অর্থ বিভাগ (খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভিাগ (গ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (ঘ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ৪। নৌ–পরিবহন মন্ত্রণালয় ৫। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৬। পরিবেশ ও বন মন্ত্রণালয় ৭। বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৮। ভূমি সংস্কার বোর্ড
০২।	জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল শেরে বাংলানগর, ঢাকা।	১। প্রধানমন্ত্রীর কার্যালয় ২। প্রতিরক্ষা মন্ত্রণালয় ৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ৪। নির্বাচন কমিশন সচিবালয় ৫। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় ৬। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় ৭। পরিকল্পনা মন্ত্রণালয় (ক) পরিকল্পনা বিভাগ (খ) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ (গ) পরিসংখ্যান বিভাগ ৮। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
০৩।	সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকা।	১। রাষ্ট্রপতির কার্যালয় ২। জনপ্রশাসন মন্ত্রণালয় ক) বিসিএস প্রশাসন একাডেমী খ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড গ) সরকারী যানবাহন অধিদপ্তর ঘ) বিয়াম ঙ) মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর ৩। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ক) আইন ও বিচার বিভাগ খ) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ৪। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (ক) স্থানীয় সরকার বিভাগ (খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ৫। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ৬। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ৭। খাদ্য ও দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ও ত্রাণ মন্ত্রণালয় ক) খাদ্য বিভাগ খ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ ৮। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ৯। শিল্প মন্ত্রণালয়

		১০। সংস্কৃতিক বিষয়ক ১১। নিপোর্ট ১২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ১৩। দুর্নীতি দমন কমিশন ১৪। বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ক) বিদ্যুৎ বিভাগ খ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ১৫। মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়
০৪।	স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।	১। শিক্ষা মন্ত্রণালয় ২। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ৩। ভূমি মন্ত্রণালয় ৪। বানিজ্য মন্ত্রণালয় ৫। তথ্য মন্ত্রণালয়
০৫।	জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।	১। পানি সম্পদ মন্ত্রণালয় ২। সমাজ কল্যাণ মন্ত্রণালয় ৩। কৃষি মন্ত্রণালয় ৪। স্বাস্থ্য অধিদপ্তর ৫। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
০৬।	ন্যাশনাল ইনস্টিটিউট অব ট্রমাটোলজি এন্ড অর্থোপেডিক রিহ্যাবিলিটেশন (নিটোর), শেরে বাংলা নগর, ঢাকা।	১। যোগাযোগ মন্ত্রণালয় (ক) সড়ক বিভাগ (খ) রেলপথ বিভাগ (গ) সেতু বিভাগ ২। ধর্ম মন্ত্রণালয় ৩। পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ৪। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৫। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ৬। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ক) বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
০৭।	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার, ঢাকা।	১। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, সাভার, ঢাকা।
০৮।	মেডিকেল সেন্টার, বাংলাদেশ জাতীয় সংসদ, সচিবালয়, ঢাকা।	১। বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

14/10/2014

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
ফোন নং- ৮৮২৯৪৯৩, ফ্যাক্স-৯৮৬২৩৭৫
Email: ihsm@ld.dghs.gov.bd

তালিকা-২

ক্রমিক নং	অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তাগণের পদবী	যে সকল কর্মকর্তাগণের স্বাস্থ্য পরীক্ষা করা হইবে তাঁহাদের তালিকা
০১।	অধ্যাপক, মেডিকেল কলেজ হাসপাতাল	যুগ্ম-সচিব ও তাঁহাদের উপরের পর্যায়ের কর্মকর্তা
০২।	সহযোগী অধ্যাপক, মেডিকেল কলেজ হাসপাতাল	ঢাকা শহরে কর্মরত যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নের সকল প্রথম শ্রেনীর কর্মকর্তা ও বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা (যে সকল স্থানে মেডিকেল কলেজ হাসপাতাল রয়েছে)
০৩।	বিভাগীয় স্বাস্থ্য পরিচালক	বিভাগীয় পর্যায়ের সকল কর্মকর্তা (যে সকল স্থানে মেডিকেল কলেজ হাসপাতাল নাই)
০৪।	সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা
০৫।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা

বিঃ দ্রঃ যে সকল মন্ত্রণালয় ও উহার অধীনস্থ প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা সরকারী কর্মচারী হাসপাতাল, ঢাকায় (তালিকা-২) নির্ধারন করা হইয়াছে, তাঁহাদের মধ্যে যে সকল কর্মকর্তাগণের পদমর্যাদা যুগ্মসচিব ও তদুর্দ্ধ পর্যায়ের শুধুমাত্র সে সকল কর্মকর্তাগণের বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকায় করা হইবে।

১৫/১০/২০১৭

(অধ্যাপক ডাঃ এবিএম আব্দুল হান্নান)
পরিচালক (অতিঃ দায়িত্ব)
হাসপাতাল ও ক্লিনিক সমূহ এবং
লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট
ফোন নং- ৮৮২৯৪৯৩, ফ্যাক্স-৯৮৬২৩৭৫